# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**05 JUNE 2026** **7:45—7:55 PM**

---

১) মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা নেতৃত্বাধীন আসাম মন্ত্রীসভায় স্থান লাভ করা ১২ জন মন্ত্রীর আজ শপথ গ্রহণ । বরাক উপত্যকা থেকে দুই বিধায়কের মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ । লোকসেবা ভবনে মন্ত্রীসভার প্রথম বৈঠক ।

২) আজ বিশ্ব পরিবেশ দিবস । সমগ্র রাজ্য তথা বরাক উপত্যকাও না না কার্যসূচির মাধ্যমে বিশ্ব পরিবেশ দিবস পালন ।

৩) সীমা সুরক্ষাঅধিক শক্তিশালী করার জন্য স্মার্ট বর্ডার প্রকল্পের কাজ অন্তিম পর্যয়ে উপনীত হয়েছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর প্রকাশ ।

এবং

৪) উচ্চ শিক্ষা সঞ্চালকালয়ের অধীন রূপায়িত সরকারী প্রকল্প সমূহের সুবিধা লাভ করার জন্য ছাত্র-ছাত্রীদের আধারকার্ড এর সঙ্গে ব্যাঙ্ক একাউন্ট সংযুক্ত করা বাধ্যতামূলক বলে সঞ্চালকালয়ের নির্দেশ ।

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা নেতৃত্বাধীন রাজ্য মন্ত্রীসভায় স্থানলাভ করা ১২ জন মন্ত্রী আজ শপথ গ্রহণ করেছেন । এর মধ্যে ১১ জন ভারতীয় জনতা পার্টীর এবং ১ জন অসম গণ পরিষদ দলের । সম্প্রসারিত মন্ত্রীসভায় বরাক উপত্যকার দুজন লক্ষীপুর বিধানসভা আসনের কৌশিক রায় এবং পাথারকান্দির কৃষ্ণেন্দু পাল সহ গোলকগঞ্জের অশ্বিনী রায় সরকার , ঢেকিয়াজুলির অশোক সিংহল , টিংখং-এর বিমল বরা , তামুলপুরের বিশ্বজিৎ দৈমারী , নলবারীর জয়ন্তমল্ল বরুয়া , কলোয়াবরের বিধায়ক কেশব মহন্ত , মঙ্গলদৈর নীলিমা দেবী , জাগীরোডের পীযুষ হাজরিকা , ধেমাজীর ডাক্তার রণোজ পেগু এবং ডিমৌর সুশান্ত বরগোহাই শপথ গ্রহণ করেছেন । গৌহাটি খানাপারার জ্যোতি-বিষ্ণু আর্ন্তজাতিক কলা মন্দিরে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যপাল

লক্ষণ প্রসাদ আচার্য নতুন মন্ত্রীদের শপথবাক্য পাঠ করান । শপথ গ্রহণ অনুষ্ঠানে এন ডি এ মিত্রজোটের মন্ত্রী ও বিধায়ক তথা দলের নেতা-কর্মীরাও উপস্থিত ছিলেন । শপথ গ্রহণের পর মন্ত্রী কৌশিক রায় বলেন ( বাইট )

এদিকে, দিসপুর লোকসেবা ভবনে আজ প্রথম মন্ত্রীসভার বৈঠক অনুষ্ঠিত হয়েছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা নেতৃত্বাধীন রাজ্য মন্ত্রীসভায় স্থানলাভ করা ১২ জন মন্ত্রী শপথ গ্রহণ করার পরই বর্তমান সরকারের মন্ত্রীসভার প্রথম বৈঠকটি আজ অনুষ্ঠিত হয় । বৈঠকে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সহ সব মন্ত্রীরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

আজ বিশ্ব পরিবেশ দিবস । পৃথিবী এবং প্রকৃতি সুরক্ষার জন্য ইতিবাচক পরিবেশ সম্পর্কীত কার্যকর ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে বিশ্বব্যাপী সচেতনতা সৃষ্টির লক্ষ্যে এই দিবস পালন করা হয় । ১৯শো ৭৩ সাল থেকে রাষ্ট্রসংঘের পরিবেশ কার্যসূচির অংশ হিসেবে প্রতি বছর ৫ জুন এই দিবস পালন করা হয় । এবারের এই দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে **‘প্রকৃতি থেকে অনুপ্রেরণা লাভ , আমাদের জলবায়ু , আমাদের ভবিষ্যতের জন্য ।**

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে একটি গাছ মায়ের নামে পদক্ষেপের মত কার্যসূচি সমূহের মাধ্যমে প্রতি বছর ১ লক্ষ ১০ হেক্টর বনাঞ্চল বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান যোগাবে । সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী পরিবেশ সংরক্ষণের কাজে নিয়োজিত সবার ভূয়সি প্রশংসা করেন । তিনি বলেন যে আজকের এই দিনটি পরিবেশ সুরক্ষা এবং বহণযোগ্য বিকাশ বৃদ্ধির ক্ষেত্রে থাকা প্রতিশ্রুতিবদ্ধতাকে পুনরায় স্মরণ করিয়ে দেয় । তিনি বিগত দিনগুলিতে সরকার গ্রিহীত বিভিন্ন পদক্ষেপের ওপর আলোকপাত করেন । শ্রী মোদী বলেন যে একটি পৃথিবী একটি পরিবার এবং একটি ভবিষ্যতের আদর্শে ভারত মিশন লাইফের মাধ্যমে অধিক পরিচ্ছন্ন , অধিক সবুজ এবং অধিক বহণযোগ্য গ্রহ হিসেবে পৃথিবীকে গড়ে তোলার জন্য ক্রমাগত কাজ করে যাবে ।

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা এক বার্তায় বলেছেন যে পরিবেশ শুধুমাত্র আমাদের অস্তিত্বের ভিত নয় , বরং ভবিষ্যৎ প্রজন্মের জন্য পরিবেশকে সংরক্ষণ করার একটি মহান দায়িত্ব ।

দেশের অন্যান্য প্রান্তের সঙ্গে আসাম তথা বরাক উপত্যকায়ও আজ বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে বিভিন্ন কার্যসূচি গ্রহণ করা হয় । রাজ্যে আজ ১ কোটি গাছের চারা রোপন করে এই দিবসকে সফল করে তোলার পদক্ষেপ গ্রহণ করা হয় ।

স্বনির্ভর গোষ্ঠীর ৩৫ লক্ষের অধিক মহিলা এই অভিযান সফল করে তুলতে অগ্রণী ভূমিকা গ্রহণ করেন ।

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে The Institution of Engineers ( India ) শিলচর কেন্দ্রের সহযোগিতায় এন আই টি শিলচরের Institutions Innovation Council এর দ্বারা Smart City Construction and Urban Planning এ Environmental Sustainability শীর্ষক বিষয়ের ওপর একটি সেমিনারের আয়োজন করা হয় । এই সেমিনারের মূল বিষয়বস্তু ছিল Global Call for Climate Action . এই কার্যসূচির মূল উদ্দেশ্য ছিল শহরাঞ্চলে বিকাশের সঙ্গে সঙ্গে পরিবেশ সংরক্ষণ । আজকের এই কার্যসূচির অধীনে এন আই টি শিলচর প্রাঙ্গনে গাছের চারাও রোপন করা হয় । অনুষ্ঠানে পদ্মশ্রী পুরষ্কারপ্রাপ্ত ডক্টর বি কে এস সঞ্জয় , শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য , এন আই টি শিলচরের সঞ্চালক দিলীপ বৈদ্য প্রমুখ প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।
বাইট-----পদ্মশ্রী পুরষ্কারপ্রাপ্ত ডক্টর বি কে এস সঞ্জয়

-------------------------------------------------------------------------------

রাধামাধব কলেজের এনভায়রনমেন্ট অ্যান্ড গ্রিন অডিট সেল এবং ৬২ আসাম গার্লস ব্যাটেলিয়ন এন সি সির যৌথ উদ্যোগে কলেজ প্রাঙ্গণে বিশ্ব পরিবেশ দিবস উদযাপন করা হয়েছে । কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড.অরুন্ধতী দত্ত চৌধুরী ,এনভায়রনমেন্ট অ্যান্ড গ্রিন অডিট সেলের আহ্বায়ক ড.সন্তোষ বরা ,আই কিউ এসি সমন্বয়কারী ড.রাহুল শরণীয়া প্রমূখ এই কার্যসূচীতে অংশগ্রহণ করেন ।

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে আজ মণিয়ারখাল বাণীশক্তি ক্লাব প্রাঙ্গণে বৃক্ষরোপণ করা হয় ।
বি জে পি পালংঘাট মন্ডলের মণিয়ারখাল গাঁও পঞ্চায়েতের ২১৯ নম্বর বুথে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে এক পেড় মা কে নাম কার্যসূচীর অধীনে বৃক্ষরোপণ করা হয় । এতে জেলা সম্পাদক পরেশ তাঁতী ,প্রবীর শর্মা ,গ্রুপ সদস্য রাজীব নায়েক প্রমূখ অংশগ্রহণ করেন ।

এই দিবস উপলক্ষ্যে আজ শিলচরের রূপম সাংস্কৃতিক ও সামাজিক সংস্থার উদ্যোগে শিলচরের গান্ধীবাগ পার্কে এক বৃক্ষরোপণ কর্মসূচীর আয়োজন করা হয় । এই কর্মসূচীতে রূপমের সহ-সভাপতি জয় বরদিয়া ,সম্পাদক নিখিল পাল সহ সংস্থার অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন । লায়ন্স ক্লাব অফ লালা এবং লালা খন্ড বন

বিভাগের যৌথ উদ্যোগে আজ বৃক্ষ রোপণ , গাছের চারা বিতরণ ,সচেতনতা সভা ইত্যাদি কার্যসূচীর মধ্য দিয়ে এই দিবস উদযাপন করা হয় । এ উপলক্ষ্যে লালার কৈয়া চা বাগানের ৬১৪ নম্বর কৈয়া বাউন্ডারি এল পি স্কুল , কৈয়া এম ই স্কুল এবং চন্দ্রপুর রামকৃষ্ণ
সারদা সেবাশ্রম প্রাঙ্গণে বৃক্ষরোপণ ,গাছের চারা বিতরণ কার্যসূচীর আয়োজন করা হয় ।

শ্রীভূমি জেলায়ও বন বিভাগের উদ্যোগে ‘ আমাদের ভূমি ,আমাদের ভবিষ্যত ’ এই সংকল্পকে সামনে রেখে বিশ্ব পরিবেশ দিবস উদযাপন করা হয়েছে । পরিবেশ সুরক্ষা ,বনানীকরণ এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলার বিভিন্ন বিদ্যালয় ,কলেজ ,সীমান্ত চৌকি এবং বনাঞ্চল সংলগ্ন গ্রামগুলিতে সারাদিনব্যাপী বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয় । লোয়াইরপোয়া রেঞ্জ ও বালিপিপলা বিটের বালিপিপলা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে কেন্দ্রীয়ভাবে এই দিবসের সূচনা করা হয় এবং জেলার নানা শিক্ষা প্রতিষ্ঠান ও বিভিন্ন স্থানে বৃক্ষরোপণ ও চারা গাছ বিতরণ করা হয় । এই দিবস পালনের অংশ হিসেবে আজ চরগোলা গৌরগোবিন্দ উচ্চতর মাধ্যমিক স্কুলে এক সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে পরিবেশ সংরক্ষণ , বৃক্ষরোপণ এবং পরিচ্ছন্ন পরিবেশ গড়ে তোলার গুরুত্ব নিয়ে আলোচনা করা হয় । অনুষ্ঠানে উত্তর করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের বিধায়ক জাকারিয়া আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।

অনরূপভাবে হাইলাকান্দি ও ডিমা হাসাও জেলায়ও বিশ্ব পরিবেশ দিবস উদযাপন করা হয় ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেছেন যে সীমা সুরক্ষা অধিক শক্তিশালী করার জন্য কেন্দ্রীয় সরকার স্মার্ট বর্ডার প্রকল্পের শেষ পর্যায় কার্যকর করার জন্য কাজ করছে । ত্রিপুরার ভারত-বাংলাদেশ সীমান্তের লংকামুরা সীমান্ত আউটপোষ্টে আজ অনুষ্ঠিত প্রহরী সম্মেলনে অংশগ্রহণ করে স্বরাষ্ট্রমন্ত্রী একথা বলেন । তিনি বলেন যে এই প্রকল্প শেষ পর্যায়ে রয়েছে এবং আগামী বর্ষে সীমা সুরক্ষা বল তথা সশস্ত্র সীমাবলের আটটি সংবেদনশীল ক্ষেত্রে এর প্রয়োগ করা হবে । স্বরাষ্ট্র মন্ত্রী শ্রী শাহ বলেন যে সরকার ত্রিপুরা ,পশ্চিমবঙ্গ ও বিহারের সীমান্ত দিয়েও অবৈধ অনুপ্রবেশের জন্য জনসংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে পরিবর্তন সহ্য করবে না । তিনি বলেন যে সীমা সুরক্ষা শক্তিশালী করতে সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের কাজে অগ্রাধিকার দেওয়া হবে । ত্রিপুরায় নতুন করে ১১৯ কিলোমিটার দীর্ঘ কাঁটাতারের বেড়া নির্মাণ করা হবে । আজকের এই

অনুষ্ঠানে ত্রিপুরার মূখ্যমন্ত্রী মানিক সাহা ,সীমা সুরক্ষা বলের মহা -নির্দেশক প্রবীণ কুমার সহ শীর্ষ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------